দৈনিক সংবাদ

তারিখ 04 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

৩৮

30

# দুই মন্ত্রীর হস্তক্ষেপে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা নিরসন

## ছাত্রদল নেতাদের বহিষ্কারাদেশ প্রত্যাহার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ৩রা ডিসেম্বর।—অবশেষে দুই মন্ত্রীর হস্তক্ষেপে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিন্ডেকেট জাতীয়তাবাদী ছাত্রদলের ২ নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের আদেশ প্রত্যাহারের আশ্বাস দিয়েছেন।

আজ শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার ও তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদার উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ও ছাত্রদল নেতৃবৃন্দের রুদ্ধদ্বার বৈঠকে এ আশ্বাস দেয়া হয়।

ছাত্রদল কর্মীরা এ দু'জনের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে গতরাত থেকে সিন্ডিকেটের সদস্যদের বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে অবরুদ্ধ করে রেখেছিল। দু'পক্ষের মধ্যে বৈঠকের পর তারা অবরোধ তুলে নেয়। এর মধ্য দিয়েই ক্যাম্পাসে এক সপ্তাহের অচলাবস্থার অবসান ঘটে।

গত শুক্রবার আলবেরুণী হলের প্রাধ্যক্ষের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে গতকাল সিন্ডিকেটের এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোয়াজ্জেম হোসেন ও ছাত্রদল নেতা আবু ইউসুফের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় থেকে ১ বছরের জন্যে বহিষ্কারাদেশসহ যথাক্রমে ৩ হাজার ও ২ হাজার টাকা জরিমানা করা হয়েছিল। শাস্তিমূলক ব্যবস্থা ঘোষণার আগেই ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম অচল করে দেয়। তারা বিষয়টি নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল সিন্ডিকেট সদস্যকে প্রায় ১৬ ঘন্টা প্রশাসনিক ভবনে আটকে রাখে।

আজ সকাল ১০টায় উদ্ভূত পরিস্থিতি নিরসনের জন্যে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার ও তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা ক্যাম্পাসে আসেন।

তারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী সালেহ আহমেদ, আলবেরুণী হলের প্রাধ্যক্ষ ডঃ গোলাম হোসেন, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যবৃন্দ ও ছাত্রদল নেতাদের সাথে পৃথক পৃথক ভাবে আলোচনায় বসে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে অবহিত হন। পরে তারা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্যদের সঙ্গেও এক রুদ্ধদ্বার বৈঠকে মিলিত হন। বৈঠকে সিন্ডিকেট সদস্যরা প্রথমে তাদের গৃহীত সিদ্ধান্ত পর্যালোচনার ব্যাপারে অস্বীকৃতি জানান বলে জানা গেছে। মন্ত্রীদ্বয় 'সার্ক শীর্ষ সম্মেলনকে সামনে রেখে বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীল পরিবেশ তৈরি না করা'র অনুরোধ জানান এবং সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন। পরে সিন্ডিকেট সদস্যরা নিয়মতান্ত্রিক পদ্ধতিতে আরেকটি সিন্ডিকেট সভায় অনুমোদনের মাধ্যমে ঐ শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহার করে নেয়ার প্রতিশ্রুতি দেন।

এরপর বেলা ২টায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি তাদের কর্মবিরতি ও হল কর্মকর্তারা তাদের পদত্যাগপত্র প্রত্যাহার করে নেয়ার ব্যাপারে দু'জন মন্ত্রীকে আশ্বাস দেন এবং ছাত্রদল কর্মীরা তাদের অবরোধ তুলে নেয়।

ক্যাম্পাস হতে আজ দুপুরেই অতিরিক্ত পুলিশ প্রহরা প্রত্যাহার করে নেয়া হয়েছে।